

বাংলাদেশ সিভিল সার্ভিস উইমেন নেটওয়ার্ক (BCSWN)- এর কার্যনির্বাহী কমিটির ১ম সভার
কার্যবিবরণী

সভাপতি : ড. মোহাম্মৎ নাজমানারা খানুম, সভাপতি, বিসিএস উইমেন নেটওয়ার্ক

ও

সচিব, খাদ্য মন্ত্রণালয়।

সভার স্থান : বিসিএস উইমেন নেটওয়ার্ক অফিস কক্ষ।


তারিখ ও সময় : ৩০ জানুয়ারি ২০২০, বিকাল ৫.৩০ ঘটিকা।

উপস্থিত সদস্য/ কর্মকর্তাদের তালিকা 'পরিশিষ্ট-ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সন্মানিত সকল সদস্যকে স্বাগত জানান। এরপর সদস্যবৃন্দ যার যার পরিচয় সভায় তুলে ধরেন। সভাপতি বলেন, গত ২৫ জানুয়ারি, ২০২০ তারিখ বিসিএস উইমেন নেটওয়ার্ক এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। বার্ষিক সাধারণ সভার মাধ্যমে নতুন কার্যনির্বাহী কমিটি গঠন করা হয়। আজ উভয় কমিটির সকল সদস্য উপস্থিত আছেন। সাবেক সভাপতি মাননীয় তথ্য কমিশনার সুরাইয়া বেগম এনডিসি বর্তমান কমিটির উপদেষ্টা।

উপদেষ্টা মহোদয় নতুন কমিটির সভাপতিসহ অন্যান্য সকল সদস্যকে অভিনন্দন জানান এবং ফুল দিয়ে বরণ করে নেন। আজকের সভার সভাপতি পূর্বতন কমিটির সভাপতি মাননীয় তথ্য কমিশনার সুরাইয়া বেগম এনডিসি ও মহাসচিব নাসরিন আক্তারসহ সবার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি বলেন, শুরু থেকে বহু চ্যালেঞ্জ মোকাবেলা করে বিসিএস উইমেন নেটওয়ার্ক আজ প্রায় পূর্ণাঙ্গ রূপ পেয়েছে। সেজন্য পূর্বের কমিটি অত্যন্ত আন্তরিকতার সাথে তাঁদের দায়িত্ব পালন করেছে। এটি বিসিএস উইমেন নেটওয়ার্ক এর সকল সদস্য সারাজীবন কৃতজ্ঞতাভরে স্মরণ করবে। প্রারম্ভিক আলোচনার পর পূর্বতন কমিটি কর্তৃক নতুন কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করা হয়। পরিশেষে মাননীয় তথ্য কমিশনার সুরাইয়া বেগম এনডিসি এবং সভাপতি কর্তৃক বিসিএস উইমেন নেটওয়ার্কের সাফল্য কামনা করা হয়।

আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


০৩/০২/২০২০

(ড. মোহাম্মৎ নাজমানারা খানুম)

সভাপতি

বিসিএস উইমেন নেটওয়ার্ক

ও

সচিব, খাদ্য মন্ত্রণালয়